



রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭



স্মারক নং- ইআবি/প্রশা/ফা.গ.ব/ঢা-১০৩/২০১৭/৪৮৬৭


তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৮
১৮ ফেব্রুয়ারি ২০১৮

প্রাপক
অধ্যক্ষ
ভবানীপুর ফাযিল মাদরাসা
ডাকঘর- বড়বিলা বাজার
উপজেলা- ফুলবাড়ীয়া, জেলা- ময়মনসিংহ।

বিষয়ঃ ১৪/০২/২০১৮ইং তারিখের স্মারক সংশোধন পূর্বক এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী মনোনয়ন প্রসঙ্গে।

জনাব,
উপর্যুক্ত বিষয়ে গত ১৪/০২/২০১৮ইং তারিখে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রেরিত পত্রে ভুলবশত সভাপতি পদে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ এর স্থলে আলহাজ্ব মোঃ আব্দুস সালাম পিতাঃ মৃত. আলহাজ্ব ইছামদ্দিন এবং বিদ্যোৎসাহী প্রতিনিধি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফুলবাড়িয়ার স্থলে জনাব মোঃ আশরাফ উদ্দিন, পিতাঃ মৃত. আবদুল আলী মন্ডল এর নাম লিপিবদ্ধ করা হয়েছে।
প্রকৃতপক্ষে উক্ত মাদরাসার এডহক কমিটির সভাপতি হিসাবে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ময়মনসিংহ এবং বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়িয়াকে মাননীয় উপাচার্য মহোদয় সদয় মনোনয়ন দিয়েছেন। বিধায় ১৪/০২/২০১৮ইং তারিখের স্মারকটি (স্মারক নং ইআবি/রেজি/ প্রশা/ফা.গ.ব/ঢা-১০৩/২০১৭/৪৮২৫) অত্র পত্রের মাধ্যমে সংশোধন করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) 19.2.18


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

তারিখঃ ১৯.০২.১৮

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ঢা-১০৩/২০১৭/৪৮৬৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ময়মনসিংহও সভাপতি, ভবানীপুর ফাযিল মাদরাসা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ীয়া ও বিদ্যোৎসাহী প্রতিনিধি, ভবানীপুর ফাযিল মাদরাসা, ময়মনসিংহ।
- ৬। সেকশন অফিসার, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। আই.সি.টি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৮। সংশ্লিষ্ট নথি।


উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়